



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০  
www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.৩১.০২৭.১৯.৩৩৬

তারিখ: ৯ কার্তিক ১৪২৮

২৫ অক্টোবর ২০২১

বিষয়: “কৃষকের অ্যাপ” এর মাধ্যমে আমন’২০২১-২২ মৌসুমে ধান সংগ্রহ কার্যক্রম বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আসন্ন আমন’২০২১-২২ মৌসুমে দেশব্যাপী ২৫০টি নির্বাচিত উপজেলায় পাইলট আকারে “কৃষকের অ্যাপ” বাস্তবায়ন করার সিদ্ধান্ত হয়েছে। কৃষকের অ্যাপের মাধ্যমে কৃষক নিবন্ধন ও ধান বিক্রয়ের আবেদন গ্রহণের সময়সীমা ১৫ নভেম্বর ২০২১ খ্রি. পর্যন্ত নির্ধারণ করা হয়েছে।

“কৃষকের অ্যাপ” এর মাধ্যমে কৃষক নিবন্ধন ও ধান বিক্রয়ের আবেদন ও নিবন্ধনের সময়সীমা সম্পর্কে কৃষকদের অবহিত করার জন্য স্থানীয় পর্যায়ে বহুল প্রচারণা চালানো প্রয়োজন। এক্ষেত্রে, মাঠ-পর্যায়ে বাস্তবায়নের জন্য নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলোঃ

১. নির্বাচিত উপজেলাসমূহে (তালিকা সংযুক্ত) “কৃষকের অ্যাপ” এর মাধ্যমে ধান ক্রয় কার্যক্রম সম্পাদন করতে হবে;
  ২. প্রশিক্ষণ সিডিউল অনুযায়ী সংশ্লিষ্ট সকল ইউএনও/উপজেলা কৃষি কর্মকর্তাসহ খাদ্য অধিদপ্তরের মাঠপর্যায়ের সংশ্লিষ্ট মনোনীত কর্মকর্তা/কর্মচারীগণকে জুমের মাধ্যমে ভারুয়াল কর্মশালায় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে;
  ৩. খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইট [www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd) নীচের অংশে সংযোজিত "ফটো এবং ভিডিও বক্স" হতে "গাইড লাইন - কৃষকের অ্যাপ" হতে ভিডিও টিউটোরিয়াল ডাউনলোড করে অ্যাপ ব্যবহার সম্পর্কে ইউএনও/উপজেলা কৃষি কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে;
  ৪. কৃষকের অ্যাপের মাধ্যমে ধান সংগ্রহ কার্যক্রমের জন্য প্রস্তুতকৃত লিফলেট (সংযুক্ত) ও তৈরিকৃত অডিও (ই-মেইলে প্রেরিত) মাইকিংয়ের মাধ্যমে এবং টিভিসি (ভিডিও) (ই-মেইলে প্রেরিত) ক্যাবল টিভি নেটওয়ার্কের মাধ্যমে সংশ্লিষ্ট উপজেলায় প্রচার করতে হবে;
  ৫. প্রস্তুতকৃত পোস্টার উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ সংযোগ স্থান, বাজার, মসজিদের প্রধান ফটকের বিপরীতে এবং দৃষ্টিগোচর হয় এমন স্থানে স্টেটে দিতে হবে;
  ৬. প্রস্তুতকৃত লিফলেট জনসমাগম স্থানে যেমন মসজিদ, স্থানীয় বাজারের দিন, চায়ের দোকানে বিতরণ করতে হবে;
  ৭. প্রস্তুতকৃত লিফলেট ইউনিয়ন চেয়ারম্যান, মেম্বার ও স্থানীয় গুরুত্বপূর্ণ ব্যক্তি বর্গের কাছে পৌঁছে দিতে হবে;
  ৮. উপ-সহকারী কৃষি কর্মকর্তার উঠান বৈঠকে উপস্থিত হয়ে প্রস্তুতকৃত লিফলেট বিতরণ করতে হবে;
  ৯. কৃষকের অ্যাপের মাধ্যমে ধান সংগ্রহ কার্যক্রমের জন্য তৈরিকৃত অডিও মাইকিংয়ের মাধ্যমে জনসমাগম স্থানে প্রচার করা করতে হবে;
  ১০. প্রস্তুতকৃত লিফলেট জেলা/উপজেলার ওয়েব পোর্টালে প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
  ১১. সামাজিক যোগাযোগ মাধ্যমে পোস্টার/লিফলেট প্রকাশ করে প্রচার করতে হবে;
  ১২. স্থানীয় প্রশাসনের মাধ্যমে সভা করে সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যান, মেম্বার, মহিলা মেম্বার, ইউডিসি উদ্যোক্তাদের অবহিত করতে হবে;
  ১৩. ইউনিয়ন ডিজিটাল সেন্টার উদ্যোক্তার মাধ্যমে কৃষক নিবন্ধন উৎসাহিত করতে হবে।
- এমতাবস্থায়, “কৃষকের অ্যাপ” সুষ্ঠু ও সফলভাবে বাস্তবায়নের জন্য উপরোক্ত নির্দেশনাসমূহ মেনে কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

২৫-১০-২০২১

শেখ মুজিবুর রহমান

মহাপরিচালক (গ্রেড-১)

ফোন: +৮৮-০২২২৩৩৫৪৮৩৪

ইমেইল: dg@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,

ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.৩১.০২৭.১৯.৩৩৬/১(৪৬)

তারিখ: ৯ কার্তিক ১৪২৮

২৫ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) পরিচালক (রুটিন দায়িত্ব), হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়
- ৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়
- ৬) জেলা খাদ্য নিয়ন্ত্রক, (সকল) [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]



২৫-১০-২০২১

মঞ্জুর আলম

সিস্টেম এনালিস্ট